



## ঢাকা বিশ্ববিদ্যালয়

ঢাকা বিশ্ববিদ্যালয় : ভূতত্ত্ব বিভাগের ০২ (দুই)টি শূন্য স্থায়ী প্রভাষক পদ এবং ০১ (এক)টি শূন্য স্থায়ী সহকারী অধ্যাপক পদের বিপরীতে ০১ (এক) জন অস্থায়ী প্রভাষক-এর পদ পূরণের জন্য রেজিস্ট্রার দফতর হতে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশি নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। বেতন স্কেল : টাকা : ২২,০০০-৫৩,০৬০/- (জাতীয় বেতন স্কেল-২০১৫)।

যোগ্যতা : প্রার্থীদের এস.এস.সি. এবং এইচ.এস.সি. পরীক্ষায় জিপিএ/সিজিপিএ স্কেল ৫.০০ এর মধ্যে ন্যূনতম ৪.২৫ সহ ভূতত্ত্ব বিষয়ে অনার্স এবং মাস্টার্স ডিগ্রি পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে ন্যূনতম ৩.৫০ প্রাপ্ত হতে হবে। অন্যান্য যোগ্যতা সমান থাকলে উচ্চতর ডিগ্রিধারীগণকে অগ্রাধিকার প্রদান করা যেতে পারে। যে সকল প্রার্থী অনার্স বা মাস্টার্স পরীক্ষায় প্রথম স্থান/সর্বোচ্চ সিজিপিএ অর্জন করেছে, তাদের ক্ষেত্রে এস.এস.সি বা এইচ.এস.সি পরীক্ষার যে কোন একটির অনুমোদিত শর্ত শিথিলযোগ্য।

রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয় এর অনুকূলে ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট, সার্টিফিকেট, প্রশংসাপত্র, মার্কশিট এবং অভিজ্ঞতার প্রমাণপত্রের সত্যায়িত প্রতিলিপিসহ ৮ (আট) কপি আবেদনপত্র রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয় বরাবর আগামী ২১.১২.২০২১ তারিখের মধ্যে পৌঁছাতে হবে। চাকুরিরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

পিএফ-২৬০-১৭০৫/২১ (৪" x ৩)